

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
রাজশাহী বিভাগ, রাজশাহী  
(সাধারণ শাখা)  
www.rajshahidiv.gov.bd

২০২০-২১ অর্থ বছরে রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের নৈতিকতা কমিটির ৩য়  
সভার কার্যবিবরণী :

সভাপতি	: ড. মো: হাম্মান কবীর, বিভাগীয় কমিশনার, রাজশাহী
সভার স্থান	: বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ
সভার তারিখ	: ১৪/০২/২০২১ খ্রি.
সময়	: বিকাল ৪.০০ টা
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, গত ২৪ জানুয়ারি ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ জুম অ্যাপের মাধ্যমে একটি ফিডব্যাক সভার আয়োজন করে। বর্ণিত সভার নির্দেশনা মোতাবেক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মূল্যায়ন নির্দেশিকা ২০২০-২১ এর বিপরীতে এ কার্যালয়ের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম পর্যালোচনা করা হয়। সভায় কর্মপরিকল্পনার কার্যক্রম ও অগ্রগতি আরো সুনির্দিষ্ট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৩.১ নং ক্রমিকে নিরাপদ খাদ্য আইন-২০১৩ অধীনে রাসায়নিক দ্রব্য ও ভেজাল মিশ্রণ নিরোধে পরিচালিত মোবাইল কোর্ট অভিযানের উপর পর্যালোচনা সভার পরিবর্তে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ এর অধীন নির্ধারিত পণ্যে (বাজার/আড়ৎ/মিলে) পাটের বস্তার ব্যবহার নিশ্চিতকরণ কার্যক্রম গ্রহণ এবং ৪র্থ কোয়ার্টারে ১ লক্ষ্যমাত্রা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি এ কার্যালয়
০২.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৩.২ নং ক্রমিকে নিরাপদ খাদ্য আইন-২০১৩ অধীনে রাসায়নিক দ্রব্য ও ভেজাল মিশ্রণ নিরোধে পরিচালিত মোবাইল কোর্ট অভিযানের উপর পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রমের পরিবর্তে ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এর ০৮ ধারার অধীন সরকারি দপ্তরসমূহে দৃশ্যমান স্থানে সতর্কতামূলক নোটিশ প্রদর্শন কার্যক্রম গ্রহণ এবং ৪র্থ কোয়ার্টারে ২৫ লক্ষ্যমাত্রা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি এ কার্যালয়
০৩.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৯.১ নং ক্রমিকে কর্মচারীদের দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পুরস্কার প্রদান কার্যক্রমের পরিবর্তে ভিপি পুকুর ও ফলের বাগানের (১০,০০০) টাকার উর্ধ্বে নিলাম ডাকের কেস নথি ১৫ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তিকরণ কার্যক্রম গ্রহণ এবং ৪র্থ কোয়ার্টারে ১০০% লক্ষ্যমাত্রা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি এ কার্যালয়

০৪.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৯.২ নং ক্রমিকে কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সভা আয়োজন কার্যক্রমের পরিবর্তে রাজশাহী কালেক্টরেটের আওতাধীন রাজশাহী মহানগরীর ডিপি কেস নথি ইজারা/নবায়ন কার্যক্রম পরিবীক্ষণ কার্যক্রম গ্রহণ এবং ৪র্থ কোয়ার্টারে ৭০% লক্ষ্যমাত্রা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি এ কার্যালয়
০৫.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৯.৩ নং ক্রমিকে কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রমের পরিবর্তে চেক গ্রহণকারীদের উপস্থিতিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীর ভূমি অধিগ্রহণের চেক বিতরণ কার্যক্রম তদরকি কার্যক্রম গ্রহণ ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি এ কার্যালয়
০৬.	১১.২ কোভিড-১৯ পরিস্থিতিতে কর্মচারীদের সুরক্ষার নিমিত্তে অফিসে স্বাস্থ্য বিধি অনুসরণ তদারকিকরণ কার্যক্রম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি এ কার্যালয়
০৭.	বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এ অন্তর্ভুক্ত করে কর্মপরিকল্পনাটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সদস্য সচিব নৈতিকতা কমিটি এ কার্যালয়

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২২/০২/২০২১


ড. মো: হাম্মান কবীর  
বিভাগীয় কমিশনার  
রাজশাহী

তারিখ: ২২/০২/২০২১ খ্রি.

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১৪.২৫.০০৭.২১.৩৭৯

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ
৩. জেলা প্রশাসক (সকল) ....., রাজশাহী বিভাগ
৪. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (মাঠ প্রশাসন/রাজস্ব/সাধারণ/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত),  
এ কার্যালয়
৫. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী
৬. বিভাগীয় কমিশনারের গোপনীয় সহকারী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)



শাহীন মিয়া

সহকারী কমিশনার

ফোন : ০৭২১-৭৭২৯৮৭